8

JUL. 22 1999

দৈনিক ইনকিলাব

তারিখ JUL 22 1999
পৃষ্ঠা ... কলাম ...

# জাঃনগর বিশ্বঃ ছাত্রদলের কর্মীসভায় বিদ্রোহী গ্রুপের বিশৃঙ্খলা সৃষ্টি

## সুযোগ নিলো ছাত্রলীগ সন্ত্রাসীরা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ জাতীয়তাবাদী ছাত্রদল জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শাখার আগামী সম্মেলনকে কেন্দ্র করে গতকাল (বুধবার) এক কর্মী সভায় কেন্দ্রীয় নেতৃবৃন্দের উপস্থিতিতে ছাত্রদলের বিদ্রোহী একটি গ্রুপ বিশৃঙ্খলা সৃষ্টি করার এ সুযোগে মুজিববাদী ছাত্র লীগের সন্ত্রাসীরা অনুষ্ঠানটি পন্ড করে দেয় ও ভাংচুর সাধন করে।পরে ছাত্রদলের এ বিদ্রোহী গ্রুপটি ঢাকা-আরিচা মহাসড়ক ঘন্টাধিককাল অবরোধ করে রাখে। ঘটনার বিবরণে জানা গেছে গতকাল বেলা ১১টার দিকে ছাত্রদল বিশ্ববিদ্যালয় শাখার এক কর্মী সম্মেলনে স্থানীয় এমপি দেওয়ান ডাঃ সালাহউদ্দিন বাবু ও ছাত্রদলের কেন্দ্রীয় সভাপতি হাবিব-উন-নবী সোহেল, সেক্রেটারী নাসির উদ্দিন আহমেদ পিন্টু, সহ-সভাপতি মনোয়ার হোসেন রানাসহ কয়েকজন কেন্দ্রীয় নেতা উপস্থিত ছিলেন। কর্মীসভা শুরুর কিছুক্ষণ পর ছাত্রদলের বিদ্রোহী গ্রুপের নেতৃত্বে কয়েকজন বহিরাগত অনুষ্ঠানস্থল সামাজিকবিজ্ঞান অনুষদের গ্যালারিতে যায় এবং প্রতিপক্ষ গ্রুপের বিরুদ্ধে উস্কানিমূলক কথা-বার্তা বলতে থাকে। কেন্দ্রীয় নেতৃবৃন্দ দ্রুত এ পরিস্থিতি নিয়ন্ত্রণ করেন। কিন্তু সুযোগ সন্ধানী ছাত্রলীগ এখবর পেয়েই সভাস্থলে চলে আসে এবং কর্মীসভাটি করতে বাধা দেয়, সমাবেশ স্থলের টেবিল-চেয়ার ছুঁড়ে মারে ও কয়েকজন নেতা-কর্মীকে লাঞ্ছিত করে। ফলে কর্মীসভাটি পন্ড হয়ে যায়। পরে বিদ্রোহী গ্রুপটির নেতা-কর্মীরা এমপির সামনে ছাত্রলীগের এ হামলার প্রতিবাদে বহিরাগতদের নিয়ে ক্যাম্পাসস্থ বিশমাইল নামক স্থানে গিয়ে কয়েকটি পটকা ফুটায় এবং ঢাকা-আরিচা মহাসড়ক এক ঘন্টারও বেশী সময় ধরে অবরোধ করে রাখে। এতে সাভার ও নবীনগর এলাকায় বেশ যানজটের সৃষ্টি হয়।পরে কেন্দ্রীয় নেতৃবৃন্দের সহায়তায় বিদ্রোহী গ্রুপটি অবরোধ তুলে নেয়।পরিস্থিতি স্বাভাবিক রাখতে কর্তৃপক্ষ ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করেছেন।

জাতীয়তাবাদী ছাত্রদলের সভাপতি হাবিব-উন-নবী সোহেল ও সেক্রেটারী নাসির উদ্দিন আহমেদ পিন্টু গতকাল এক বিবৃতিতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ছাত্রদলের কর্মীসভায় মুজিববাদী ছাত্রলীগের কুখ্যাত সন্ত্রাসী কাকর নাহিদের নেতৃত্বে বর্বরোচিত হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন। বিবৃতিতে নেতৃদ্বয় বলেছেন, বিশ্ববিদ্যালয় হচ্ছে ছাত্র রাজনীতি ও গণতন্ত্রচর্চার পাদপীঠ। দেশের শীর্ষ শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রলীগের এ নগ্ন সন্ত্রাসে ছাত্ররাজনীতির সুমহান ঐতিহ্য কলঙ্কিত ও ভূলুণ্ঠিত হয়েছে। তারা এই হামলায় জড়িত ছাত্রলীগের সন্ত্রাসীদের গ্রেফতার ও বিচার দাবী করেন।